কুষ্টিয়ায় ফুলেল শুভেচ্ছায় সিক্ত হলেন মাহবুবউল আলম হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি কুষ্টিয়ায় সাধারণ মানুষের সাথে নির্বাচন পরবর্তী শুভেচ্ছা বিনিময়কালে বলেছেন, আমি আপনাদের ভালোবাসার কাছে ঋণী। আমাকে নির্বাচিত করে তৃতীয়বারের মতো যে দায়িত্ব দিয়েছেন তা যেন আপনাদের সাথে নিয়ে সুন্দরভাবে পালন করতে পারি। আমার জীবন দিয়ে হলেও আমি আপনাদের উন্নয়ন-অগ্রগতি এবং শান্তি ও কল্যাণে পাশে থাকবো। উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত থাকবে।

আজ শনিবার দুপুর থেকে বিকেল পর্যন্ত কুষ্টিয়া সদর উপজেলার মনোহরদিয়া, পাটিকাবাড়ি, ঝাউদিয়া, ঊজানগ্রাম, গোস্বামী দূর্গাপুর, আইলচারা, বটতৈল ইউনিয়নের বিভিন্ন এলাকায় শুভেচ্ছা বিনিময় করেন।

নির্বাচনের পরে সর্বস্তরের সাধারণ মানুষ ও দলীয় নেতাকর্মীরা মাহবুবউল আলম হানিফ এমপিকে কাছে পেয়ে ফুলেল শুভেচ্ছা জানান এবং সেইসাথে তৃতীয়বারের মতো বিপুল ভোটের ব্যবধানে সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় তাকে অভিনন্দন জানান।

কুষ্টিয়া সদর উপজেলা সবচেয়ে পিছিয়ে পড়া একটি জনপদ ছিল যেটিকে উন্নয়নের রোল মডেলে পরিণত করায় এবং কুষ্টিয়া সদরকে শান্তির জনপদে পরিণত করায় মাহবুবউল আলম হানিফ এমপির প্রতি বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন গ্রামের সাধারণ মানুষ।

এসময় সর্বস্তরের জনতার উদ্দেশে মাহবুবউল আলম হানিফ বলেন, আমি মনে করি, আপনাদের দেয়া এই ভোট আমার কাছে এক একটি আমানত। এই আমানতের যাতে কোনোভাবেই খেয়ানত না হয় সেই প্রচেষ্টা আমার থাকবে।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আপনাদের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তাঁরই নির্দেশিত পথে আমি আপনাদের উন্নয়নে কাজ করে যাচ্ছি। কাজের মধ্যে কোথাও কোনো ত্রুটি থাকলে কিংবা কোনো কাজ বাদ পড়লে আপনারা আমাকে সাথে সাথে জানাবেন।

এসময় তাঁর সাথে ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আসগর আলী, যুগ্ম

সাধারণ সম্পাদক শেখ হাসান মেহেদী, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মমিনুর রহমান মোমিজ, তথ্য ও গবেষণা সম্পাদক রাশেদুল ইসলাম বিপ্লব, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল হকসহ বিভিন্ন ইউনিয়ন পর্যায়ের আওয়ামী লীগের নেতা ও কর্মীরা।

তারেক রহমান কোনো রাজনৈতিক নেতা নয়: হানিফ

তারেক রহমান কোনো রাজনৈতিক নেতা নয় বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুবউল আলম হানিফ।

তিনি বলেন, তারেক রহমান কোনো রাজনৈতিক নেতা নয়, মা প্রধানমন্ত্রী থাকাকালীন ক্ষমতার দাপট দেখিয়ে দুর্নীতি আর সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়েছেন। এই দণ্ডপ্রাপ্ত বিদেশে পলাতক আসামির বিরুদ্ধে অগনিত মামলা রয়েছে। তার কথামত বিএনপির নেতাকর্মীরা নির্বাচন বানচাল করতে চোরাগুপ্তা হামলা চালাচ্ছে। বাসে-ট্রাকে আগুন দিয়ে মানুষের জানমালের ক্ষতি করছে। যারা এই ধরনের কর্মকাণ্ডের পক্ষে সাফাই গায় তাদের লজ্জা হওয়া উচিত।

আজ শুক্রবার (১৫ ডিসেম্বর) সকাল ১১টায় কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে স্বনির্ভর পরিবেশ বান্ধব দেশ গড়ার প্রত্যয় নিয়ে বিভিন্ন কোম্পানীর বিক্রয় প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভায় যোগ দিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

হানিফ বলেন, বিএনপি যদি সন্ত্রাসী কর্মকাণ্ড চলমান রাখে তবে আগামীতে এই দলটি বিলুপ্ত হয়ে যাবে। আর আইনের সর্বচ্চ প্রয়োগ করা হচ্ছে। অচিরেই নাশকতামূলক কর্মকাণ্ড নিমূল হয়ে যাবে।

অপর এক প্রশ্নের জবাবে হানিফ বলেন, নির্ধারিত সময়ে নির্বাচন অনিবার্য, তাই নির্বাচন কমিশন ১৮ তারিখ থেকে ৭ জানুয়ারী পর্যন্ত নির্বাচন কেন্দ্রীক ছাড়া আর কোনো কর্মসূচী পালন করা যাবে না এই সিদ্ধান্ত একটি সময়োপযোগী সিদ্ধান্ত।

পরে বিভিন্ন কোম্পানীর বিক্রয় প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মাহবুবউল আলম হানিফ।

এছাড়াও বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, কুষ্টিয়া নাগরিক কমিটির সাধারণ সম্পাদক প্রফেসর ড. সেলিম তোহা, কুষ্টিয়া প্রেসক্লাবের সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব প্রমুখ।